

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় শাখা
www.mole.gov.bd

নং-৪০.০০.০০০০.০১২.১৪.০০৫.২০. ২০


তারিখ: ২১ আশ্বিন ১৪২৭
০৬ অক্টোবর ২০২০

বিষয়: ফিডব্যাক সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ২৭ সেপ্টেম্বর ২০২০ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের জাতীয় আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০২০-এর স্বমূল্যায়ন পদ্ধতিতে মূল্যায়ন বিষয়ক ফিডব্যাক সভার কার্যবিবরণী এতৎসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি:

(১) ফিডব্যাক সভার কার্যবিবরণী ০১ (এক) পাতা।


০৬/১০/২০২০
(ড. অশোক কুমার বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৩৫৫৩

ই-মেইল: section2@mole.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজয়নগর, ঢাকা।
২. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, বিজয়নগর, ঢাকা।
৩. চেয়ারম্যান নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
৪. বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. কেন্দ্রীয় তহবিল, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপসচিব (আদালত ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
৮. সিস্টেম এনালিস্ট, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে কার্যবিবরণীটি প্রকাশের অনুরোধসহ)।
৯. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
১০. যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)-এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
১১. অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় অধিশাখা
www.mole.gov.bd

বিষয়: ফিডব্যাক সভার কার্যবিবরণী।

সভাপতি: শাকিলা জেরিন আহমেদ
যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থান: সভাকক্ষ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০২০
সময়: ১১.০০ টায়


সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি বলেন, রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ কার্যক্রমে সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার চর্চা একটি অপরিহার্য কৌশল। শুদ্ধাচার চর্চায় স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সকল মন্ত্রণালয়ের পাশাপাশি আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের জন্যও কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। সভাপতি আরো বলেন এ মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের জন্য ২০১৯-২০ অর্থ-বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা স্বমূল্যায়ন পদ্ধতিতে মূল্যায়নসহ দাখিলকৃত প্রমাণকসমূহ পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনান্তে দেখা যায় শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের স্বমূল্যায়ন পদ্ধতিতে মূল্যায়ন প্রতিবেদনে সূচকের বিপরীতে নম্বর প্রদান ও প্রমাণকসমূহে কতিপয় ক্ষেত্রে যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয় নাই। অপরদিকে নিম্নতম মজুরী বোর্ড, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন ও কেন্দ্রীয় তহবিলের স্বমূল্যায়ন পদ্ধতিতে মূল্যায়ন প্রতিবেদনে সূচকের বিপরীতে নম্বর প্রদান ও প্রমাণকসমূহে অনেক ক্ষেত্রে যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয় নাই এবং অধিকাংশ প্রমাণক দাখিল করা হয় নাই। সভায় উপস্থিত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপসচিব জনাব মো: মহিদুর রহমান মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে বিষয়টি বিস্তারিতভাবে ব্যাখ্যা করেন। এছাড়াও অধিকাংশ দপ্তর/সংস্থার ওয়েবসাইট হালনাগাদ নেই। এ বিষয়ে দপ্তর/সংস্থার প্রধানগণের যথাযথ নির্দেশনা ও মনিটরিং প্রয়োজন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশনা অনুযায়ী মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর প্রমাণকসহ স্বমূল্যায়নকৃত সংশোধিত মূল্যায়ন প্রতিবেদন আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(খ) অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের সংশ্লিষ্ট সকলকে ওয়েবসাইটের সেবাবক্সসমূহ নিয়মিত হালনাগাদ করতে হবে।

২। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


২৭/০৯/২০২০
শাকিলা জেরিন আহমেদ
যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)

ও
শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।